

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
 শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
www.fisheries.sreemangol.moulvibazar.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৫৮৮৩.৫০১.২৭.৪৩৫.২৫.৬৬

তারিখ: ১২/০৮/২০২৫খ্রি।

কোটেশন আহবান বিজ্ঞপ্তি (RFQ)

এতদ্বারা মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলায় মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/জলমহাল/মুক্ত জলাশয়/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার রুই জাতীয় মাছের পোনা ক্রয়ের নিমিত্তে শর্ত সাপেক্ষে প্রকৃত পোনা উৎপাদনকারী/সরবরাহকারী ব্যাক্তি/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র/কোটেশন আহবান করা যাচ্ছে। কোটেশন সিডিউল বিনামূল্যে আগামী ১২-০৮-২৫ খ্রি। তারিখ হতে ১৯-০৮-২০২৫খ্রি। তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন সময়) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর দপ্তর থেকে সংগ্রহ করা যাবে এবং ২০-০৮-২০২৫খ্রি। তারিখ বেলা ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র/কোটেশন সমূহ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর রাস্কিত কোটেশন বাস্তে জমা প্রদান করা যাবে এবং ঐ দিনই দুপুর ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত সদস্যদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। নিম্ন বর্ণিত প্রজাতি, আকার ও অনুপাতে পোনামাছ সরবরাহ করতে হবে।

“পোনামাছের বিবরণ”

ক্রঃ নং	পোনার প্রজাতি	গ্রহণযোগ্য পোনার দৈঘ্যসীমা	সরবরাহকৃত পোনার সংখ্যা/হার	পোনা অবমুক্তকরণের স্থান
০১	রুই	প্রতিটি ১০-১৫ সে.মি.	৪০%	(হাইল হাওরের বাইঞ্চা বিল ও তৎসংলগ্ন প্লাবনভূমি, উপজেলা পরিষদ পুকুর, উপজেলা মসজিদ পুকুর, ডরমিটরি পুকুর, সহকারী কমিশনার (ভূমি) অফিস পুকুর, সদর তহশীল অফিস পুকুর, লাহারপুর তহশীল পুকুর, শ্রীমঙ্গল থানা পুকুর, উপজেলা হাসপাতাল পুকুর, বিজিবি সেক্টর পুকুর, বিজিবি ব্যাটালিয়ান পুকুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার)
০২	কাতলা	প্রতিটি ১০-১৫ সে.মি.	২০%	
০৩	মৃগেল	প্রতিটি ১০-১৫ সে.মি.	৩০%	
০৪	ঘনিয়া/কালি বাটস	প্রতিটি ১০-১৫ সে.মি.	১০%	

পোনার পরিমাণঃ

কোটেশন দাতাকে সিডিউলে উল্লেখিত ছকে প্রতি কেজি পোনার দর হার উল্লেখ করতে হবে। পোনার পরিমাণ নির্ধারণ করে কার্যাদেশে তা উল্লেখ করা হবে।

যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- ২০২৫-২৬ সালের হাল নাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- আয়কর সনদের সত্যায়িত ফটোকপি।
- ভ্যাট রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত ফটোকপি।
- ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

শর্তাবলীঃ

- ১) দরপত্রদাতাকে অবশ্যই প্রকৃত পোনা উৎপাদনকারী/সরবরাহকারী ব্যক্তি/ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে অনলাইন নিবন্ধন থাকতে হবে এবং এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত অনুলিপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
- ২) নির্ধারিত সময়ের মধ্যে পোনার সরবরাহ ব্যর্থ হলে দরপত্র/কোটেশন দাতার কার্যাদেশ বাতিল করা হবে এবং ২য় দরপত্র/কোটেশন দাতাকে পোনা মাছ সরবরাহের কার্যাদেশ প্রদান করা হবে।
- ৩) নির্ধারিত আকারের চেয়ে ছোট কিংবা বড় কেন প্রকার পোনা মাছ সরবরাহ করা যাবে না।
- ৪) পোনা মাছ পরিমাপের পূর্বে হাঁপার মধ্যে কন্ডিশনিং করতে হবে।
- ৫) কোন বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ পোনামাছ সরবরাহের নির্দিষ্ট স্থান ও তারিখ পরিবর্তন করতে পারবেন।
- ৬) পোনা মাছ সরবরাহের পর পোনামাছ অবস্থার গ্রহন কমিটির প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।
- ৭) পোনা মাছ সরবরাহের পর সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজারের বরাবর ০২ (দুই) প্রস্তু বিল দাখিল করতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট, আয়কর ও অন্যান্য করাদি বিধি মোতাবেক কর্তৃ পূর্বক বিল পরিশোধ করা হবে।
- ৮) যে কোন দরপত্র বাতিল কিংবা গ্রহন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৯) বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ অর্থাং প্রতি কেজি পোনামাছের দামের সাথে পরিবহন খরচ, ভ্যাট, আয়কর ও লভ্যাংশ ধরে প্রতি কেজি পোনার গড়মূল্য ৩৫০/- (তিনিশত পঞ্চাশ) টাকা হতে ৩৮০/- (তিনিশত আশি) টাকার কম বা বেশি হলে কোটেশনটি বাতিল বলে গণ্য হবে।
- ১০) যদি সর্বনিয় মূল্যে একাধিক কোটেশন দাতা পাওয়া যায় তাহলে লটারীর মাধ্যমে বিজয়ী কোটেশন দাতা কে পোনা সরবরাহকারী হিসাবে নির্বাচন করা হবে।

(শুভ্র সরকার)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা.)

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

ফোনঃ ০১৭৬৯-৮৫৯৮৮৩

ইমেইলঃ sufosreemongal@fisheries.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৫৮৮৩.৫০১.২৭.৪৩৫.২৫.৬৬(১০)

তারিখঃ ১২/০৮/২০২৫ খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৩. জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার।
৪. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫. চেয়ারম্যান,.....শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৬. উপজেলা.....কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭. জনাব,.....মৎস্য সমবায় সমিতির প্রতিনিধি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৮. মেসার্স....., শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯. সংশ্লিষ্ট অফিসের নোটিশ বোর্ড।
১০. উপজেলা পরিষদের নোটিশ বোর্ড।
১১. অফিস কপি।

(শুভ্র সরকার)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা.)

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।